

FBCCI
Date of Birth: 23/10
Entry No: 3138

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়
শিল্প মন্ত্রণালয়
শিল্প ভবন, এনেক্স বিল্ডিং
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.boiler.gov.bd

নম্বর : ৩৬.১১.০০০০.০০১.১৬.০৫৭.২৩. ১২৪

তারিখ: ২২/১০/২০২৩

বিষয় : বয়লার আইন'২০২২ বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বয়লার শিল্প কারখানার জন্য একটি অতি আবশ্যিকীয় যন্ত্র যা উচ্চ চাপ ও তাপযুক্ত বাষ্প উৎপাদনের কাজে ব্যবহৃত হয়। কোন কারণে বয়লার দুর্ঘটনা কবলিত হলে বা বিস্ফোরিত হলে বয়লার ও বয়লারের সাথে সম্পৃক্ত জান-মালের ব্যাপক ক্ষতি সাধিত হয়। তাই মানসম্মত বয়লার নির্মাণ, ক্রয়, নিরাপদ ব্যবহার ও সঠিক পরিচালনা নিশ্চিত করা জরুরী।

শিল্প কারখানায় বয়লার দুর্ঘটনার ঝুঁকি হ্রাস, বয়লার ব্যবহারে সচেতনতা বৃদ্ধি, মানসম্মত বয়লার নির্মাণ, আমদানি ও রপ্তানি, বয়লার ব্যবহার ও পরিচালনায় নিরাপত্তা নিশ্চিতকরণ এবং শিল্প কারখানায় অধিকতর নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিতকরণের লক্ষ্যে বয়লার আইন, ১৯২৩ রহিতক্রমে উহা যুগোপযোগী করে বয়লার আইন'২০২২ প্রণয়ন করা হয়েছে।

এমতাবস্থায়, বয়লার ক্রয়, আমদানি, স্থাপন, ব্যবহার, মেরামত, পরীক্ষণ ও পরিচালনায় বয়লার আইন যথাযথভাবে অনুসরণপূর্বক বাস্তবায়নের লক্ষ্যে আপনার আওতাধীন বয়লার ব্যবহারকারীগণকে অবহিতকরণের নিমিত্ত বয়লার আইন'২০২২ এতদসঙ্গে প্রেরণ করা হলো।



(প্রকৌশলী মোহাম্মদ আব্দুল মান্নান)
প্রধান বয়লার পরিদর্শক
ফোনঃ ০২২২৩৩৮৭১০৮
E-mail : cib@boiler.gov.bd

প্রাপক : সভাপতি

ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই)
এফবিসিসিআই আইকন, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ১১, ২০২২

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৮ ট্রেড, ১৪২৮/১১ এপ্রিল, ২০২২

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২৮ ট্রেড, ১৪২৮ মোতাবেক ১১ এপ্রিল, ২০২২ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০২২ সনের ০৬ নং আইন

**Boilers Act, 1923 রহিতক্রমে উহা যুগোপযোগী করিয়া প্রণয়নের উদ্দেশ্যে
প্রণীত আইন**

যেহেতু শিল্প কারখানায় বয়লার দুর্ঘটনার ঝুঁকি হ্রাস, বয়লার ব্যবহারে সচেতনতা বৃদ্ধি, মানসম্মত বয়লার নির্মাণ, আমদানি ও রপ্তানি, বয়লার ব্যবহার ও পরিচালনায় নিরাপত্তা নিশ্চিতকরণ এবং শিল্প কারখানায় অধিকতর নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিশ্চিতকরণের লক্ষ্যে Boilers Act, 1923 (Act No. V of 1923) রহিতক্রমে উহা যুগোপযোগী করিয়া প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

- ১। সংশ্লিষ্ট শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন বয়লার আইন, ২০২২ নামে অভিহিত হইবে।
(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

(৭১০০)
মূল্য : টাকা ২৪.০০

FBCCI SG's O
* Please take necessary
* Please put up
* Please discuss

* Adviser
* Consultant (Int. Affairs)
* Sr. Addl. SG
* Addl. SG
* Add. SG (R&D)
* JSG (Protocol)

FBCCI S
* Please take
* Please
* Please

* DSG (TR&D)
* DSG (Int. Affairs)
* DSG (HR/IT)
* DSG (Protocol)
* DSG (Price Mo)
* DSG (Account)